

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-২১২(আগরতলা, ১৬।০৪)  
বিশালগড়, ১৬ এপ্রিল, ২০১৮

বিশালগড়ে ড: বি আর আশ্বেদকরের ১২৮তম জন্মজয়ন্তী উদযাপিত

বিভিন্ন কর্মসূচীর মধ্য দিয়ে গত ১৪ এপ্রিল বিশালগড় মহকুমায় ভারতরত্ন ড: বি আর আশ্বেদকরের ১২৮তম জন্মজয়ন্তী পালন করা হয়। এই উপলক্ষ্যে ওইদিন সকালে অনুষ্ঠিত হয় হাফ ম্যারাথন দৌড় প্রতিযোগিতা। গকুলনগর বি এস এফ ক্যাম্প থেকে বিশালগড় কেন্দ্রীয় কারাগার পর্যন্ত এই ম্যারাথন দৌড়ে বিশালগড় মহকুমা শাসক সুধাকর সিঙ্কে, বি এস এফ এর ডি আই জি ব্রিজেশ কুমার, এস ডি পি ও মিহিরলাল দাস, বিডিও অনুপম চক্রবর্তী সহ বি এস এফ এর জওয়ান, ছাত্র-ছাত্রী, শিক্ষক শিক্ষিকা, বিভিন্ন দপ্তরের কর্মী ও স্থানীয় জনগণ অংশ গ্রহণ করেন। রান ফর সোস্যাল জাষ্টিস এই স্লোগানকে সামনে রেখে আয়োজিত এই ম্যারাথন প্রতিযোগিতায় প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থানাধিকারীদেরকে বি এস এফের পক্ষ থেকে পুরস্কৃত করা হয়। এছাড়া কমলা দেবী কাজারিয়া কমিউনিটি হলে ড: বি আর আশ্বেদকরের জীবনী নিয়ে তৈরী জব্বর প্যাটেল নির্দেশিত ড: বাবা সাহেব ছায়াছবিটি প্রদর্শিত হয়। এখানে আয়োজিত অনুষ্ঠানে বাবা সাহেবের প্রতিকৃতিতে মাল্যদান ও শ্রদ্ধাজ্ঞাপন করে ড: বি আর আশ্বেদকরের জীবনীর বিভিন্ন দিক উল্লেখ করে আলোচনা করেন বিশালগড় মহকুমা শাসক সুধাকর সিঙ্কে সহ সংশ্লিষ্ট অতিথিগণ। ছবি প্রদর্শনীতে মহকুমা এলাকার বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা উপস্থিত ছিল। ছবি প্রদর্শনীর শেষে ১৩ এপ্রিল আয়োজিত অক্ষণ প্রতিযোগিতায় অংশ গ্রহণকারী বিজয়ী ছাত্র-ছাত্রীদের পুরস্কৃত করা হয়।

\*\*\*\*\*